

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : বিশ্ব নৌদিবস ২০১৯ উদযাপনের লক্ষ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ে গঠিত 'ভেনু নির্ধারণ ও প্রস্তুতকরণ' কর্মটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম খান
যুগ্মসচিব (প্রশাসন)
নৌপরিবহন মন্ত্রণালয়
সভার তারিখ : ২৪-০৬-২০১৯
সময় : সকাল ১০.০০ টা
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার উপসচিব বেগম রেবেকা সুলতানা জানান যে, বিশ্ব নৌদিবস ২০১৯ উপলক্ষ্যে ইতিমধ্যে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ভেনু নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে উক্ত সম্মেলন কেন্দ্রে পত্র দেওয়া হয়েছে। ০২ দিনের মধ্যে ০১ দিনের ভাড়া পরিশোধ করা হবে। অন্য ০১ দিনের ভাড়া মওকুফের জন্য যোগাযোগ করা হচ্ছে। ভাড়া বাবদ ০১ দিনের সর্বমোট ৭ লক্ষ ৭৫ হাজার টাকা ও জেনারেটরের জন্য ২৫,০০০/- টাকা নির্ধারণ করা হয়েছে।

২। সভায় ভেনু প্রস্তুত করণ এর বিষয়ে আলোচনা করা হয়। শিল্পকলা ও ইভেন ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠানকে প্রস্তুতির দায়িত্ব প্রদান, সচিবালয়ের ০৩টি গেট, শহরের উল্লেখযোগ্য স্থাপনা, সচিবালয়ের ০৬ নং ভবনে লম্বা ব্যানার লাগানো যায়। এসকল কাজের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুমোদন গ্রহণ করতে হবে। ভেনু সজ্জিতকরণের বিষয়ে নিয়মিত ইভেন ম্যানেজম্যান্ট প্রতিষ্ঠান এর সাথে যোগাযোগ রাখা, ব্যানারের লেখা যাচাই করণ ও বানান শুদ্ধকরণের জন্য কমিটি গঠনের প্রস্তাব করা হয়।

৩। সিদ্ধান্ত :

- ১) মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাদের নির্দেশনা অনুযায়ী ভেনু প্রস্তুত করতে হবে।
- ২) ইভেন ম্যানেজম্যান্ট ফার্ম এর সাথে আলোচনা করে সাজানোর পরিকল্পনা চূড়ান্ত করতে হবে।
- ৩) সাজানোর দায়িত্ব ইভেন ম্যানেজম্যান্ট ফার্মকে দিতে হবে।
- ৩) ইভেন ম্যানেজম্যান্ট ফার্ম মনোনীত হওয়ার পর দায়িত্ব বন্টন করে ফার্মের কাজ তদারকি করতে হবে।
- ৪) সকল ব্যানার, ফেস্টুন ইত্যাদির টেক্সট এর বানান যাচাই করণে নিম্নোক্ত ০৩ জন কর্মকর্তা দায়িত্ব পালন করবেন :
 - ক) বেগম শাহনওয়াজ দিলরুবা খান, যুগ্মসচিব, নৌপম
 - খ) জনাব কুতুব উল আলম, সহকারী সচিব, নৌপম এবং
 - গ) বেগম ফাওজিয়া রহমান, নির্বাহী ম্যাজিস্ট্রেট, নৌপঅ।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

তারিখঃ ২৭-০৬-২০১৯।
মোঃ রফিকুল ইসলাম খান
যুগ্মসচিব (প্রশাসন)
নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
(অঃ পৃঃ দ্রঃ)

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০১.১৯-২১৪৬


তারিখঃ ০৩-০৭-২০১৯।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। বেগম শাহনওয়াজ দিলরুবা খান, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। জনাব এ.টি.এম মোনেমুল হক, যুগ্মসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। বেগম ফাওজিয়া রহমান, নির্বাহী ম্যাজিস্ট্রেট, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৪। জনাব জি.এম. ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। জনাব কুতুব উল আলম, সহঃ সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যপত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর/যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।


 নাহিদ-উল-মোস্তাক
 সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
 ফোন : ৯৫১৫৫৫১
 sas.admin1@mos.gov.bd